



বিকল্প বাজারে জ্বালানি খোঁজে সরকার: অর্থমন্ত্রী



অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের চলমান সংঘাতের প্রভাব পড়েছে বৈশ্বিক জ্বালানি বাজারে, যার ফলে তেলের দাম বেড়েই চলেছে। এ অবস্থায় বাড়তি দামে জ্বালানি কিনতে হচ্ছে সরকারকে। তবে পরিস্থিতি সামাল দিতে বিকল্প বাজার থেকে জ্বালানি সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী।

বুধবার (১ এপ্রিল) সকালে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে চেয়ারম্যান ও উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে তিনি এ তথ্য তুলে ধরেন। অর্থমন্ত্রী বলেন, একটি দুর্বল অর্থনৈতিক কাঠামো নিয়েই বর্তমান সরকার দায়িত্ব গ্রহণ করেছে। এর সঙ্গে যুক্ত হয়েছে মধ্যপ্রাচ্যের অস্থিরতা এবং নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের চাপ। এসব চ্যালেঞ্জ মোকাবেলায় ঋণনির্ভরতা কমিয়ে বিনিয়োগমুখী অর্থনীতি গড়ে তোলার দিকে জোর দিচ্ছে সরকার।

তিনি আরও জানান, আসন্ন বাজেটে নারী, শিশু, প্রান্তিক জনগোষ্ঠী এবং ব্যবসায়ীদের স্বার্থকে গুরুত্ব দেওয়া হবে। পাশাপাশি দেশে একটি স্থিতিশীল ও অনুকূল বিনিয়োগ পরিবেশ তৈরি করাও সরকারের অন্যতম লক্ষ্য।